ভূমি মন্ত্রণালয়
মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প
ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা।

# কোটেশনের মাধ্যমে ড্রাইভারসহ একটি মাইক্রোবাস (রেন্ট-এ-কার) ভাড়ায় সরবরাহের ক্ষেত্রে আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল (এসআরএফকিউ)

[অভ্যন্তরীণ ক্রয়]

## কোটেশনের মাধ্যমে পণ্য ক্রয়ের ক্ষেত্রে আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিলের ব্যবহার নির্দেশিকা

১। কোটেশনের মাধ্যমে পণ্য ক্রয়ের ক্ষেত্রে আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল (এসআরএফকিউ) ব্যবহার করিয়া স্বল্পমূল্যের সাধারণ, সহজলভ্য, ইতোমধ্যে প্রস্তুত পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য কোটেশন দলিল প্রস্তুতিতে ক্রয়কারীকে সহায়তা প্রদানের জন্য সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) কর্তৃক এই নির্দেশনাবলি প্রণয়ন করা হইয়াছে। সংশ্লিষ্ট সকলকে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর সম্পূরক হিসাবে প্রণীত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণের পরামর্শ প্রদান করা হইল। উক্ত আইন ও বিধিমালা সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) এর ওয়েবসাইট (website: http://www.cptu.gov.bd) এ সহজে পাওয়া যাইবে। ক্রয়কারী এবং দরপত্রদাতা উভয়ই এই নির্দেশনাবলি অনুসরণ করিবে।

২। কোটেশন প্রদানের অনুরোধ-জ্ঞাপন পদ্ধতির (আরএফকিউএম) অধীন ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৩২ অনুসারে জারীকৃত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯ হইতে ৭৩ এর বিধানাবলি অনুসরণ করিতে হইবে। কোটেশন প্রদানের আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল (এসআরএফকিউ) জাতীয় উত্তমচর্চার (National Best Practices) উপর ভিত্তি করিয়া প্রণয়ন করা হইয়াছে, যাহা ক্রয়ের সুনির্দিষ্ট চাহিদার সহিত সামঞ্জস্যপূর্ণ।

৩। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(৩) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতির (আরএফকিউএম) অধীন সংশ্লিষ্ট পণ্য ও সেবা ক্রয়ের জন্য একজন দরপত্রদাতা (সরবরাহকারী) নির্বাচনের ক্ষেত্রে, ক্রয়কারীকে কোটেশন প্রদানের আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল (এসআরএফকিউ) (পিজি ১) ব্যবহার করিতে হইবে।

৪। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(১) ও ৭১(২) অনুসারে চিঠি, ফ্যাক্স এবং ইলেকট্রনিক মেইলের মাধ্যমে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (আরএফকিউ) আহবান করিতে হইবে। কোটেশন আহ্বান করিয়া কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল (আরএফকিউ) দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হইবে না, কিন্তু ন্যূনতম প্রচারের জন্য ক্রয়কারীকে তাহার নিজস্ব নোটিশ বোর্ডে বিজ্ঞাপন টাঙানোসহ ওয়েবসাইটে (যদি থাকে) বিজ্ঞাপনটি প্রকাশ করিতে হইবে এবং প্রচারের জন্য অনুরোধ করিয়া নিকটতম অন্যান্য ক্রয়কারী সংস্থার প্রশাসনিক বিভাগের নিকট প্রেরণ করিতে হইবে।

৫। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৩) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল (আরএফকিউ) সম্ভাব্য দরপত্রদাতাদের 'বিনামূল্যে প্রদান' বা সহজে প্রাপ্তির ব্যবস্থা করিতে হইবে।

৬। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৪) অনুযায়ী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের সময়সীমা কোনো ক্ষেত্রেই ১০ (দশ) দিনের অধিক হইবে না।

ভূমি মন্ত্রণালয়

৭। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭০ (৬) অনুসারে কোনো কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের প্রয়োজন হইবে না।

৮। কোটেশন দাখিল, উন্মুক্তকরণ ও মূল্যায়ন যথাক্রমে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭২ (১), বিধি ৭২(২) ও বিধি ৭৩(১) অনুসারে করিতে হইবে, যাহা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলে (আরএফকিউ) সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিবে।

৯। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭০ (৪) অনুসারে মূল্যায়নের নির্ণায়কসমূহ পূর্বেই প্রকাশ করিতে হইবে।

১০। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯ (৫) অনুসারে ইতোমধ্যে প্রস্তুতকৃত মানসম্মত স্বল্পমূল্যের সহজলভ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কোটেশন সাধারণত 'একক দর' এর ভিত্তিতে হইবে।

১১। পণ্য ও সংশ্লিষ্ট সেবার বিনির্দেশ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ২৯ অনুসারে প্রণয়ন করিতে হইবে।

১২। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯ (৪) (ক) এর উদ্দেশ্য পূরণকল্পে বৃহদাকার ক্রয়কে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করা যাইবে না।

১৩। মূল্যায়ন কমিটির সুপারিশ এবং উহা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনের পর ক্রয়কারী পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭৩(৫) অনুসারে সফল দরপত্রদাতার অনুকূলে ক্রয় আদেশ জারি করিবে।

১৪। ওয়ারেন্টির সময়সীমা, প্রযোজ্য ক্ষেত্রে, সাধারণত ৩ হইতে ৬ মাস পর্যন্ত রাখা যাইবে।

১৫। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪৩ অনুসারে ক্রয়কারীকে ক্রয় প্রক্রিয়াকরণের রেকর্ড সংরক্ষণ করিতে হইবে।

ভূমি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প
ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা।

**কোটেশনের মাধ্যমে ড্রাইভারসহ একটি মাইক্রোবাস (রেন্ট-এ-কার) ভাড়ায় সরবরাহের ক্ষেত্রে আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল (এসআরএফকিউ)**

কোটেশন নম্বর : ৩১.০০.০০০০.০৯১.২৬.০০২.২১-১২৭/১ তারিখ : ২৫/০৯/ ২০২৫

প্রতি,

______________________________
______________________________
______________________________

১। প্রকল্প পরিচালক, মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প, ভূমি মন্ত্রণালয় এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

২। ইচ্ছুক দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।

৩। 'কোটেশন দলিল' ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত ও দাখিল করিতে হইবে।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না।

৬। সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে **০৫/১০/২০২৫ তারিখ দুপুর ২.০০ ঘটিকায়** বা উহার পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে **"ড্রাইভারসহ একটি মাইক্রোবাস (রেন্ট-এ-কার) ভাড়ায় সরবরাহের জন্য কোটেশন"** এবং **০৫/১০/২০২৫ তারিখ দুপুর ২.৩০ ঘটিকা** এর পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭। ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবদ্ধ ও সিলমোহরাঙ্কিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

**কোটেশনের শর্তাবলী:**

২০। গাড়ীর Insurance সহ সমস্ত প্রয়োজনীয় কাগজপত্র হালনাগাদ থাকতে হবে এবং পরীক্ষিত গ্যাস সিলিন্ডার ব্যবহার করতে হবে। গাড়ী ২০২০ বা পরবর্তী মডেলের টিপটপ কন্ডিশনের হতে হবে।

২১। উদ্ধৃত মূল্যের মধ্যে চালকের পারিশ্রমিক এবং বিধি মোতাবেক সরকারের ভ্যাট/ট্যাক্স অন্তর্ভুক্ত থাকতে হবে।

২২। চালকের ক্ষেত্রে ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

২৩। সরবরাহকৃত গাড়ী রাস্তায় চলাচলের সময় যাবতীয় কাগজপত্রাদি হালনাগাদ ও সঠিক থকতে হবে এবং গাড়ী চালকের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। প্রয়োজনীয় কাগজপত্রাদির অভাবে আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষ কর্তৃক জরিমানা বা গৃহীত ব্যবস্থার সকল দায় দায়িত্ব গাড়ী সরবরাহকারীকে বহন করতে হবে।

২৪। প্রতিদিন সাধারণত সকাল ৭:০০ টা হতে রাত ৮:০০ টা পর্যন্ত গাড়ী অফিসে যাতায়াতসহ ফিল্ড ভ্রমণের সময় ব্যবহার করা হবে। কোন কাজে ঢাকার বাইরে রাত্রী যাপনের ক্ষেত্রে চালকের থাকা-খাওয়ার খরচ কর্তৃপক্ষ বহন করবে।

২৫। গাড়ির জ্বালানী (গ্যাস ও তেল) এবং ফেরী/সেতু/রাস্তার টোলের টাকা প্রকল্প কর্তৃপক্ষ বহন করবে।

২৬। গাড়ী নষ্ট হওয়ার ক্ষেত্রে বিকল্প গাড়ী চালকসহ তাৎক্ষণিক সরবরাহ করতে হবে এবং যে কোন দুর্ঘটনায় গাড়ী নষ্ট হওয়ার ক্ষেত্রে যাবতীয় দায়-দায়িত্ব মালিক পক্ষকে বহন করতে হবে। এ ক্ষেত্রে কর্তৃপক্ষ কোন দায় দায়িত্ব বহন করবে না।

২৭। মেরামত/ রক্ষণাবেক্ষণ/খুচরা যন্ত্রাংশ/লুব্রিকেন্ট ও আনুষাঙ্গিক খরচ গাড়ী সরবরাহকারী বহন করবেন। গাড়ী গ্যাস (CNG) চালিত হতে হবে এবং প্রতি ইউনিট গ্যাস/তেলে কত কি.মি. চলবে তার উল্লেখ থাকতে হবে।

২৮। কর্তৃপক্ষের নির্ধারিত স্থান থেকে দৈনিক কর্মঘণ্টা শুরু হবে এবং এই কর্মঘণ্টা শেষ হবে কর্মকর্তা/কর্মচারীগণকে যাত্রা শেষে নির্ধারিত স্থানে পৌঁছে দেয়ার সময় পর্যন্ত। প্রতিদিন বিলম্বে উপস্থিতির ক্ষেত্রে ক্ষতিপূরণ হিসেবে উক্ত দিনের গাড়ী ভাড়া কর্তন করা হবে।

২৯। শুক্রবার সাধারণ সাপ্তাহিক ছুটির দিন হবে। যদি শুক্রবার বিশেষ প্রয়োজনে গাড়ি ব্যবহার করা হয়, সেক্ষেত্রে শনিবার অথবা সুবিধামত যেকোন একদিন সাপ্তাহিক ছুটি প্রদান করা হবে।

৩০। চুক্তিপত্র স্বাক্ষরের ৭ দিনের মধ্যে নির্ধারিত গাড়ী সরবরাহ করতে হবে।

ভূমি মন্ত্রণালয়

কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া যুক্তিসংগতভাবে অনধিক ১০ (দশ) দিন বৃদ্ধি করিতে পারিবে।

৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম **৩০ দিন** পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা যাইবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে উহাতে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি, ফি, লেভি এবং আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১২। দর টাকায় উদ্ধৃত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা যাইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

১৩। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বরের সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৫। উদ্ধৃত একক দর ও মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।

১৬। ক্রয় আদেশ জারির তারিখ হইতে **১৫ দিনের** দিনের মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করিতে হইবে।

১৭। ক্রয়াদেশ, যাহা সরবরাহকারী ও ক্রয়কারীকে অবশ্যপালনীয় চুক্তিতে আবদ্ধ করে, অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির **০৭ (সাত) দিনের** মধ্যে জারি করিতে হইবে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করিবে।

**১৯। কোটেশনে;-**

১। আবেদনকারীর/ প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা..........................................................................।

২। গাড়ীর নাম, মডেল ও নিবন্ধনের সময়কাল...................................................................।

৩। প্রস্তাবিত মাসিক ভাড়া.................... টাকা (কথায়: ..........................................................)।

৪। প্রতি ইউনিট গ্যাস=................................কি.মি। প্রতিলিটার পেট্রোল/অকটেন....................... কি.মি।

এবং নিম্নের শর্তাবলী অনুযায়ী হতে হবে।

৩১। গাড়ীর চালকের বেতন-ভাতা, গাড়ীর রক্ষণাবেক্ষণ ও মেরামত, লাইসেন্স, ইমোসহ সকল ব্যয়ভার গাড়ী সরবরাহকারীকে বহন করতে হবে।

৩২। ভাড়াকৃত গাড়ী সরবরাহকারীর নিজ দায়িত্বে তার গ্যারেজে বা প্রকল্প কার্যালয়ে রাখতে পারবে

৩৩। প্রতি মাসের ১-১০ তারিখের মধ্যে বিল দাখিল করতে হবে। বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন শেষে বিল পরিশোধ করা হবে।

৩৪। সরবরাহকারীর সাথে কর্তৃপক্ষের একটি চুক্তিপত্র সম্পাদিত হবে। চুক্তিতে গাড়ী সরবরাহের মেয়াদসহ অন্যান্য শর্তাবলি উল্লেখ থাকবে।

৩৫। আবেদনের সঙ্গে গাড়ীর রেজিস্ট্রেশন কাগজ, ফিটনেস সংক্রান্ত, বীমা সংক্রান্ত, আবেদনকারীর ছবি, ভোটার আইডি কার্ড ও অন্যান্য প্রমাণক কাগজপত্র সংযুক্ত করতে হবে।

মোহাম্মদ মাহফুজুর রহমান
অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন অনুবিভাগ)
ভূমি মন্ত্রণালয়
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২ ৪১০২৫৫৮৬
ই-মেইল: pdlandzoning@minland.gov.bd

**বিতরণ :**

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প (কোটেশন বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। নোটিশ বোর্ড।
৫। অফিস কপি

মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প ★ ভূমি মন্ত্রণালয়

কোটেশন দাখিলপত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশন নম্বর :...................................................... তারিখ : দিন/ মাস/ বৎসর

প্রতি
প্রকল্প পরিচালক
মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প
ভূমি মন্ত্রণালয়, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা।

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, সংশ্লিষ্ট পণ্য ও সেবা সরবরাহের শর্তাবলি অনুসারে **"ড্রাইভারসহ একটি মাইক্রোবাস (রেন্ট-এ-কার) ভাড়ায় সরবরাহের জন্য কোটেশন"** সরবরাহের জন্য প্রস্তাব করিতেছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [অংকে এবং কথায় উল্লেখ করুন]।

আমার/আমাদের কোটেশন, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকিবে এবং আমি/আমরা উহা মানিতে বাধ্য থাকিব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যেকোনো সময় ইহা গ্রহণ করা যাইবে।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমার/আমাদের আপনার সহিত চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রহিয়াছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হই নাই। এতদ্ব্যতীত, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি) এ উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রহিয়াছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করিবার সময় এই ধরনের কার্যে জড়িত না হওয়ার অঙ্গীকার করিতেছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটির অধিক কোটেশন দাখিল করি নাই। আমি/আমরা অবগত যে, আপনাদের জারীকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হইবে এবং উহা মানিতে বাধ্য থাকিব।

আমি/আমরা [তারিখ লিখুন] তারিখে আপনাদের জারীকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল (আরএফকিউ) পরীক্ষা করিয়াছি এবং এই সম্পর্কে আমাদের কোনো আপত্তি নাই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের নিকট কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প ভূমি মন্ত্রণালয়

সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর
তারিখ :

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল

কোটেশন নম্বর : ____________ তারিখ : দিন/মাস/বৎসর

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমাণ | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে/ কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | ১. | ড্রাইভারসহ একটি মাইক্রোবাস (রেন্ট-এ-কার) ভাড়ায় সরবরাহ | মাস | ৩ (তিন) | | | | প্রকল্প পরিচালক, মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা। |
| **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)** | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা : | [পণ্যের গন্তব্যস্থান লিখুন] |
| মোট মূল্য: (টাকায়) (কথায়) | [উল্লিখিত তফসিলের ৮ নম্বর কলমে উল্লিখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] |
| প্রস্তাবিত সরবরাহ : | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ হইতে] |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) : | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ হইতে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হইলে তারিখ বা দিন উল্লেখ করিবার প্রয়োজন নাই] |

আমি/আমাদের দ্বারা এই মূল্য তফসিলের **[-----]** টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হইয়াছে। আমার/আমাদের প্রস্তাব দিন/মাস/বৎসর পর্যন্ত বৈধ **[**কোটেশনের বৈধতার তারিখ লিখুন।**]**

| | |
|---|---|
| **সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর** | |
| দরপত্রদাতার নাম : | তারিখ : দিন/মাস/বৎসর |

**টীকা :**

১। কলম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করিবে এবং কলম ৬, ৭ ও ৮ দরপত্রদাতা পূরণ করিবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয়, তাহা হইলে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বতোভাবে সরবরাহের পরিবহণ খরচ, বিমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভুক্ত থাকিবে।

মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প ভূমি মন্ত্রণালয়

## আবশ্যিক পণ্যের কারিগরি বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরি বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | প্রস্তুতকারক এবং মডেল (Make and Model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | ১. | ড্রাইভারসহ একটি মাইক্রোবাস (রেন্ট-এ-কার) ভাড়ায় সরবরাহ | পূর্বে উল্লিখিত কোটেশনের শর্তাবলী মোতাবেক | | |

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উল্লিখিত কারিগরি বিনির্দেশ ও মান অনুযায়ী সরবরাহ করিব।

| | |
|---|---|
| **সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর** | তারিখ : দিন/মাস/বৎসর |
| **দরপত্রদাতার নাম** | |

টীকা :

১। কলম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলম ৫ ও ৬ দরপত্রদাতা পূরণ করিবে।

২। বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করিবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ ও প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য এক সেট সঠিক ও স্পষ্ট বিনির্দেশ হইল কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করিতে হইবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করিতে হইবে। বিনির্দেশে উল্লিখিত পণ্যে অন্তর্ভুক্ত সকল আইটেম, দ্রব্যাদি ও আনুষঙ্গিক উপকরণ অবশ্যই নূতন, অব্যবহৃত ও সাম্প্রতিকতম বা চলতি মডেলের হইতে হইবে এবং নকশা ও পণ্যে সকল সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হইবে।

৩। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সহিত সামঞ্জস্যপূর্ণ হইবে, যাহা এই দলিলে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে। দরপত্রদাতা প্রস্তাবিত পণ্যের প্রস্তুতকারক ও মডেল (যাহা প্রযোজ্য) উল্লেখ করিবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল মুদ্রিত বিবরণ (Brochures) (সহজে পাওয়া না গেলে অনুলিপি) সংযুক্ত করিবে।

ভূমি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প

ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা।

# পণ্য সরবরাহের জন্য ক্রয় আদেশ

ড্রাইভারসহ একটি মাইক্রোবাস (রেন্ট-এ-কার) ভাড়ায় সরবরাহ

ক্রয় আদেশ নম্বর___________ **তারিখ** : দিন/মাস/বৎসর

| | |
|---|---|
| **কোটেশন নম্বর** : _____________ | **তারিখ : দিন/মাস/বৎসর** |
| **প্রতি** :<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা] | |
| সরবরাহের তারিখ : [**সম্পাদনের তারিখ উল্লেখ করুন**] | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য : **টাকা [চুক্তি মূল্য উল্লেখ করুন]** |
| **সরবরাহ** : **শর্তানুযায়ী** | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার [**তারিখ উল্লেখ করুন**] তারিখের কোটেশন গ্রহণ করিয়াছেন। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরি বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলি অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহের জন্য আপনাকে অনুরোধ করা হইল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| সংশ্লিষ্ট পণ্য ও সেবার অনুমোদিত মূল্য সংবলিত বিবরণের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিক পণ্যের অনুমোদিত কারিগরি বিনির্দেশের (পূর্ণাঙ্গ বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলির সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য :<br><br>নাম ও পদবিসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ : |

সংযুক্তিসমূহ : উপরিউক্ত বর্ণনা মোতাবেক

মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প ★ ভূমি মন্ত্রণালয়

# পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলি

১। চুক্তির পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এইখানে বর্ণিত শর্তাবলি ক্রয়কারী ও সরবরাহকারী মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২। এই শর্তাবলির প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

৩। ক্রয় আদেশ জারি হইবার **১৫ দিনের** মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলি অনুযায়ী সার্বিকভাবে সরবরাহ সমাপ্ত করিতে হইবে।

৪। ক্রয়কারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা গ্রহণ করিতে বিলম্ব করিলে অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হইলে অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসংগত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের জন্য বর্ধিত সময় প্রাপ্তির অধিকার থাকিবে।

৫। চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যেকোনো সময় ক্রয়কারী বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখিতে হইবে।

৬। ক্রয়কারী কারিগরি বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করিবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে অবহিত করিবে।

৭। যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, তাহা হইলে ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করিয়া সরবরাহ বাতিল করিতে পারিবে।

৮। সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরূপ অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকিবে।

৯। অন্য কোথাও যাহা কিছুই থাকুক না কেন, মূল্য তফসিল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটি পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের ভিত্তিতে মূল্য পরিশোধ করা হইবে। সরবরাহের চালান জমা ও গ্রহণের পর পণ্য ও সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হইবে।

১০। সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি ও প্রযোজ্য আইনের অধীন অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১১। মোট চুক্তি-মূল্য **[অংকে] [কথায় ]** টাকা।

১২। সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হইতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ **৩ মাস**।

১৩। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকিবে।

ভূমি মন্ত্রণালয়

১৪। সরবরাহকারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তাহার নিজের, তাহার শ্রমিক বা কর্মচারী বা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন বা সম্পত্তির ক্ষতিপূরণ হইতে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি হইতে দায়মুক্ত রাখিবে।

১৫। পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করিবে।

১৬। ওয়ারেন্টি (Warranty) সময়সীমার মধ্যে সরবরাহ ও সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হইলে, সরবরাহকারী নিজ খরচে উহা সংশোধন করিবে।

১৭। কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি ও সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নহে।

১৮। ক্রয়কারী প্রয়োজন হইলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করিয়া পরবর্তীকালে চুক্তির শর্তাবলির সংশোধন করিতে পারিবে।

১৯। ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করিয়া যেকোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করিতে পারিবে, যদি সরবরাহকারী—

(ক) সরবরাহের তফসিলের সময় ও বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) অনুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ করিতে ব্যর্থ হয়;

(খ) পণ্য ও সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোনো কর্মকাণ্ডে জড়িত থাকে; এবং

(গ) চুক্তির অধীন অন্য কোনো বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হয়।

২০। এই চুক্তি বা উহার ব্যাখ্যা হইতে উদ্ভূত, বা তৎসম্পর্কে সম্ভাব্য সকল বিরোধ সমঝোতার মাধ্যমে আপস-মীমাংসার জন্য ক্রয়কারী ও সরবরাহকারী সর্বোচ্চ প্রচেষ্টা করিবে।

২১। পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৬৪ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ অনুসারে দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকিবে।

| ক্রেতার জন্য: | সরবরাহকারীর জন্য: |
|---|---|
| নাম এবং পদবিসহ ক্রয়কারীর স্বাক্ষর | নাম এবং পদবিসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ : | তারিখ: |

ভূমি মন্ত্রণালয়